ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/২০১৫/১০৫৯৯ তারিখঃ ২১/০৯/২০২০ খ্রি

**বিষয় : মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব ও বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যা ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।**

সূত্র : ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৭.৯৯.১৭৪, তারিখ- ০১.০৭.২০২০খ্রি.
২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৭.১৯.১৭৫, তারিখ- ০১.০৭.২০২০খ্রি.
৩. ইউজিসির স্মারক নং- ইউজিসি/প্রশা:/কোভিট-১৯/২২১/২০২০(১)/৩৩৭৯, তারিখ- ১৭.০৮.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব ও বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যা এতদ্‌সঙ্গে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হল।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২১/৯/২০২০
(এ.এস. মাহমুদ)
রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০১
ইমেইল- iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/২০১৫/১০৫৯৯(১০) তারিখঃ ২১/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিদর্শন দপ্তর প্রধান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. কারিকুলাম উন্নয়ন ও মুল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. অফিস নথি।

21.9.20
(ড. মো. আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার
মোবা: ০১৭০৫-৪০৮০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৭.১৯.১৭৫ তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭
০১ জুলাই ২০২০

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় জাতিসংঘ কর্তৃক মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড ২০২০'-এ ভূষিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন

সূত্র: ৩৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৯.১৩৫ ২০ জুন ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে, মন্ত্রিসভার ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭/০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে। যা ১৫ জুন ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

অভিনন্দন প্রস্তাব গৃহীত হওয়ায় প্রকাশিত গেজেট নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১-৭-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব (সকল)
২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০), ৫১-৫২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
৩) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৪) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৭) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
৮) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৯) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১০) যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১১) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
১২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
১৪) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
১৮) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৯) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
২০) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
২১) সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২২) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
২৩) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৭.১৯.১৭৫/১(৩)

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭
০১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১-৭-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭/১৪ জুন ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৩০—'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়েছে।

২। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০' পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭/০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব


মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০৮ জুন ২০২০

'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটেগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়েছে। ১ জুন ২০২০ তারিখে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়ক বিভাগের আন্ডার সেক্রেটারি জেনারেল জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধিকে এই বিষয়ে অবহিত করেন। আন্ডার সেক্রেটারি বলেন— 'ই-নামজারি একটি অসামান্য অর্জন, উদ্যোগ হিসাবে জনস্বার্থে যা সেবার উৎকর্ষ প্রতিপাদন করে।' তিনি আরও বলেন, 'দেশের জনপ্রশাসনের উন্নয়নের ক্ষেত্রে এই উদ্যোগপ্রসূত অবদান তাৎপর্যপূর্ণ এবং তা জনপ্রশাসনে কর্মরত অন্যান্য সকলকে জনসেবায় ব্রতী হতে অনুপ্রেরণা ও উৎসাহ জোগাবে।'

উল্লেখ্য স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক সম্প্রদায়ের জন্য প্রদত্ত সেবার ক্ষেত্রে গুণগতমান, উৎকর্ষ, সৃজনশীল উদ্যোগ উদ্‌যাপনের উদ্দেশ্যে জাতিসংঘ সাধারণ পরিষদ রিজোল্যুশন ৫৭/২৭৭ গ্রহণের মাধ্যমে ২৩ জুন তারিখকে 'জাতিসংঘ পাবলিক সার্ভিস ডে' নির্ধারণের পরিপ্রেক্ষিতে প্রতি বছর যথাযোগ্য আনুষ্ঠানিকতার সাথে দিবসটি উদ্‌যাপন করা হয়। এই সময় বিশ্বজুড়ে সরকারি খাতে গৃহীত সর্বোত্তম উদ্ভাবনী উদ্যোগগুলোকে পুরস্কৃত করে স্বীকৃতি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ এ বছর উক্ত সম্মাননা অর্জন করেছে। বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে জাতিসংঘ এই বছর পাবলিক সার্ভিস পুরস্কার বিতরণ অনুষ্ঠান স্থগিত করেছে। তবে, সামাজিক যোগাযোগমাধ্যম এবং বিভিন্ন প্রচার কার্যক্রমের মধ্য দিয়ে জাতিসংঘ পুরস্কারের বিষয়টি প্রচারের পরিকল্পনা গ্রহণ করেছে।

মন্ত্রিসভা মনে করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বশৈলী, প্রজ্ঞা, দূরদর্শিতা, প্রয়োজনানুগ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে দেশে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে, দ্রুত গতিতে দেশ এখন এগিয়ে চলেছে এবং বৈশ্বিক পরিমণ্ডলে এক অনন্য অবস্থানে সুস্থিত হতে পেরেছে। তাঁর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের দূরদর্শী উদ্যোগেরই ফসল হিসাবে মর্যাদাপূর্ণ এ পুরস্কার অর্জন সম্ভব হয়েছে। উল্লেখ্য গত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রয়াস এবং প্রত্যক্ষ ও কার্যকর তত্ত্বাবধানে ভূমি ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আনয়ন করা হয়েছে। ঔপনিবেশিক ব্যবস্থা থেকে উত্তরণ ঘটিয়ে প্রজাতান্ত্রিক রাষ্ট্রকাঠামোতে সরকারি সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। বর্তমানে সকল ভূমিসেবা ডিজিটাল প্রক্রিয়ায় রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে। ভূমিব্যবস্থাপনায় রেকর্ড হালনাগাদকরণের ক্ষেত্রে নামজারি একটি আবশ্যকীয় প্রক্রিয়া। ভূমি সেবায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বর্তমান সরকারের ভিশন-২০২১ অর্জন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নামজারি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ডিজিটাইজেশনের মাধ্যমে ভূমিব্যবস্থাপনা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। গত ১ জুলাই ২০১৯ থেকে সারা দেশে (তিন পার্বত্য জেলা বাদে) একযোগে শতভাগ ই-নামজারি বাস্তবায়ন শুরু হয়। মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ হতে ম্যানুয়াল আবেদন বন্ধ করা হয়েছে। ই-মিউটেশনের কারণে জনগণ ঘরে বসেই স্বল্প সময় ও খরচে এ সেবা গ্রহণ করতে পারছেন। এ ছাড়া এ ব্যবস্থায় দেশে ভূমি সংশ্লিষ্ট দেওয়ানি ও ফৌজদারি মামলাও হ্রাস পাচ্ছে।

আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০' পাওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। মন্ত্রিসভা এ সাফল্যে অবদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিবসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৭.১৯.১৭৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭
০১ জুলাই ২০২০

বিষয়: (১) কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় গৃহীত পদক্ষেপের জন্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক প্রকাশিত '8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis'-শীর্ষক নিবন্ধে উল্লেখিত সফল নারী নেত্রীদের তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্তর্ভুক্তিতে অভিনন্দন জ্ঞাপন। (২) যুক্তরাজ্যভিত্তিক অর্থ ও বাণিজ্য-বিষয়ক বিখ্যাত সাময়িকী 'দ্য ইকোনমিস্ট' কর্তৃক প্রকাশিত কোভিড-১৯ করোনা ভাইরাস-উদ্ভূত পরিস্থিতিতে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের তালিকায় বাংলাদেশ শীর্ষ দশে অবস্থান লাভ করার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে অভিনন্দন জ্ঞাপন।

সূত্র: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৯.১২৫ ০৩ জুন ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে, মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৭/০৭ মে ২০২০ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন জ্ঞাপন ১১ মে, ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

অভিনন্দন জ্ঞাপনের প্রকাশিত গেজেট নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১-৭-২০২০
মোহাম্মদ শের মাহবুব মুরাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০), ৫১-৫২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
৩) অতিরিক্ত সচিব (সকল)
৪) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

৭) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৮) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

৯) যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১১) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী

১২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

১৪) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

১৮) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

১৯) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

২০) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

২১) সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২২) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড

২৩) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
<u>মন্ত্রিপরিষদ বিভাগ</u>

<u>প্রজ্ঞাপন</u>

ঢাকা, ২৮ বৈশাখ ১৪২৭/১১ মে ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১২০—আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক গত ২২ এপ্রিল ২০২০ তারিখে প্রকাশিত '8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis'-শীর্ষক নিবন্ধে কানাডিয়ান লেখক মিজ্ আভিভাহ্ উইটেনবার্গ-কক্স কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় নারী নেতৃত্বাধীন আটটি দেশের গৃহীত পদক্ষেপের ওপর আলোকপাত করেন।

২। উক্ত নিবন্ধে তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন ১৬ কোটির অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশের নিকট দুর্যোগ-সংকট অপরিচিত কিছু নয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ করোনা ভাইরাস সংকট মোকাবেলায় ত্বরিত কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন, যা স্বনামধন্য আন্তর্জাতিক সংস্থা 'ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম' কর্তৃক 'প্রশংসনীয় উদ্যোগ' মর্মে আখ্যায়িত হয়েছে। উক্ত নিবন্ধে আরও উল্লেখ করা হয় যে, দেশটির সর্বাধিক মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফেব্রুয়ারির প্রথম দিকে চীনে আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করেন। তিনি মার্চের শুরুর দিকে দেশে প্রথম করোনা ভাইরাস সংক্রমণ শনাক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করেন এবং অত্যাবশ্যকীয় ব্যতীত অন্যান্য ব্যবসা-বাণিজ্য অনলাইনে পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনায় দেশের সকল আন্তর্জাতিক বিমানবন্দরে নোভেল করোনা ভাইরাস সংক্রমণ রোধের লক্ষ্যে উন্নত প্রযুক্তির স্ক্রিনিং ডিভাইস স্থাপন করা হয়, যার মাধ্যমে প্রায় সাড়ে ছয় লাখ যাত্রীকে স্ক্রিনিং-এর আওতায়


মূল্য : টাকা ৮.০০

আনা হয় এবং তাঁদের মধ্যে ৩৭ হাজার ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে কোয়ারেন্টিনে পাঠানো হয়। অনুরূপ উদ্যোগ যুক্তরাজ্যের ক্ষেত্রেও পরিলক্ষিত হয়নি। 'ফোর্বস'-এর উক্ত নিবন্ধে করোনা মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সকল উদ্যোগের ভূয়সী প্রশংসা করা হয়।

৩। কোভিড-১৯ করোনা ভাইরাসের সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত পদক্ষেপসমূহ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ইতোমধ্যে সন্তোষজনক মর্মে প্রশংসিত হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস' কর্তৃক প্রকাশিত '8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis'-শীর্ষক নিবন্ধে উল্লিখিত সফল নারী নেত্রীদের তালিকায় অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৭/০৭ মে ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

# মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ২৪ বৈশাখ ১৪২৭ / ০৭ মে ২০২০

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক গত ২২ এপ্রিল ২০২০ তারিখে প্রকাশিত '8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis'-শীর্ষক নিবন্ধে কানাডিয়ান লেখক মিজ্ আভিভাহ উইটেনবার্গ-কক্স কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় নারী নেতৃত্বাধীন আটটি দেশের গৃহীত পদক্ষেপের ওপর আলোকপাত করেন।

উক্ত নিবন্ধে তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন ১৬ কোটির অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশের নিকট দুর্যোগ-সংকট অপরিচিত কিছু নয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ করোনা ভাইরাস সংকট মোকাবেলায় ত্বরিত কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন, যা স্বনামধন্য আন্তর্জাতিক সংস্থা 'ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম' কর্তৃক 'প্রশংসনীয় উদ্যোগ' মর্মে আখ্যায়িত হয়েছে। উক্ত নিবন্ধে আরও উল্লেখ করা হয় যে, দেশটির সর্বাধিক মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফেব্রুয়ারির প্রথম দিকে চীনে আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করেন। তিনি মার্চের শুরুর দিকে দেশে প্রথম করোনা ভাইরাস সংক্রমণ শনাক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করেন এবং অত্যাবশ্যকীয় ব্যতীত অন্যান্য ব্যবসা-বাণিজ্য অনলাইনে পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনায় দেশের সকল আন্তর্জাতিক বিমানবন্দরে নোভেল করোনা ভাইরাস সংক্রমণ রোধের লক্ষ্যে উন্নত প্রযুক্তির স্ক্রিনিং ডিভাইস স্থাপন করা হয়, যার মাধ্যমে প্রায় সাড়ে ছয় লাখ যাত্রীকে স্ক্রিনিং-এর আওতায় আনা হয় এবং তাঁদের মধ্যে ৩৭ হাজার ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে কোয়ারেন্টিনে পাঠানো হয়। অনুরূপ উদ্যোগ যুক্তরাজ্যের ক্ষেত্রেও পরিলক্ষিত হয়নি। 'ফোর্বস'-এর উক্ত নিবন্ধে করোনা মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সকল উদ্যোগের ভূয়সী প্রশংসা করা হয়।

'ফোর্বস' সাময়িকীর উক্ত নিবন্ধে কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব, হংকংয়ের প্রধান নির্বাহী ক্যারি ল্যাম, নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভাণ্ডারী, ইথিওপিয়ার প্রেসিডেন্ট সাহলে-ওর্ক জাদে, জর্জিয়ার প্রেসিডেন্ট সালোমে জারাবিশিলি, বলিভিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট জেনিনে আনিজ এবং নামিবিয়ার প্রধানমন্ত্রী সারা কুগোনগেলা-মাদিলা কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের প্রশংসা করা হয়েছে।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বব্যাপী মহামারী আকারে ছড়িয়ে পড়া কোভিড-১৯ করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে কার্যকর প্রয়াস নিরন্তর চালিয়ে যাচ্ছেন। তিনি করোনা-উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন প্রায়োগিক পদক্ষেপ গ্রহণ করা ছাড়াও গণ-অনুসরণীয় ৩১ দফা নির্দেশনা প্রদান করেন, যা দেশে প্রাণঘাতী এই ভাইরাসের সংক্রমণ সুনিয়ন্ত্রণে উল্লেখযোগ্য ভূমিকা রেখে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও-কনফারেন্সিংয়ের মাধ্যমে করোনা ভাইরাসের সার্বিক পরিস্থিতির বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধিসহ স্থানীয় অন্যান্য ব্যক্তিবর্গের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান করে যাচ্ছেন। তাঁর দূরদর্শী সিদ্ধান্ত অনুসরণক্রমে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণে গত ২৬ মার্চ ২০২০ তারিখ হতে দেশব্যাপী সাধারণ ছুটি বহাল রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নোভেল করোনায় আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা বিধানের ক্ষেত্রেও কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনা ও প্রত্যক্ষ তত্ত্বাবধানের কারণে দেশে করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তির সংখ্যা, আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা ও আরোগ্য-সংখ্যা সন্তোষজনক পর্যায়ে রয়েছে, সেইসঙ্গে এই রোগে মৃত্যুর হার অন্যান্য দেশের তুলনায় অনেক নিম্নে অবস্থান করছে।

সীমিত সম্পদ, ঘনবসতিপূর্ণ এবং অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশে বিভিন্ন দুর্যোগ ও সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের গৃহীত পদক্ষেপসমূহ দেশে-বিদেশে সর্বদা সমাদৃত হয়ে আসছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের সংকট মোকাবেলায়ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত পদক্ষেপসমূহ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ইতোমধ্যে সন্তোষজনক মর্মে প্রশংসিত হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক প্রকাশিত ‘8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis’-শীর্ষক নিবন্ধে উল্লিখিত সফল নারী নেত্রীদের তালিকায় অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd